750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু.  Rs 750

भारत

सात सौ पचास रूपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

Admissible under Rule 21 duty stamped under the Indian Stamp Act, 1899, & also as Amended by W. Bengal Stamp Amendment Act 1962. Schedule IA No ...
and also under Section 82 (1) of the Calcutta Improvement Act, 1911.

| | | |
|---|---|---|
| Stamp duty paid under the Stamp Act | Rs | 900/- |
| Additional duty under C.I. Act. | Rs | 800/- |
| Paid in excess ... ... ... ... | Rs | |
| Total ... ... | Rs | 1700 |

Fee paid as under:—

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar, Calcutta

চল্লিশ হাজার টাকা মূল্যের শুভ সাফ বিক্রয় পত্র ।

কোবালা গ্রহীতা

১। শ্রীমতী হাসিরানী দাস,
স্বামী শ্রী প্রান বল্লভ দাস,
পেশা গৃহস্বামী
২। শ্রী মনো মোহন সরকার ,
পিতা মৃত জানকী সরকার ,
জাতি হিন্দু , পেশা ব্যবসায় ,
উভয়ের সাকিন ১৯/৫এইচ/৩ নং
বেলেঘাটা মেইন রোড, থানা
বেলেঘাটা, কলিকাতা ১০, জেলা
দক্ষিণ পরগনা ।

কোবালা দাতা

১। শ্রী নির্ম্মল চন্দ্র নাগ
২। শ্রী বিমল কুমার নাগ,
৩। শ্রী পূর্ন চন্দ্র নাগ ,
৪। শ্রী তরুণ কুমার নাগ ,
সকলের পিতা মৃত বসন্ত কুমার নাগ
জাতি হিন্দু, পেশা চাকুরীজীবি
হাল সাকিন ১৬।২ নং নূর মহম্মদ
লেন , কলিকাতা ৯ ।

31 AUG 1967

Presented for registration
at 4 p.m. on the 3rd
day of March 1964.
at his residence
by Nirmal Chandra Nag
and given endorsement

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar, Calcutta. 95

Nirmal Chandra Nag    Nirmal Chandra Nag

Execution admitted

1) Nirmal Chandra Nag and 2) Bimal Kumar Nag and 3) Purna Chandra Nag and 4) Tarun Kumar Nag all Sons of Kali Prasanna Kumar Nag of 16/2 Noor Mohammad Lane Calcutta Hindu Service Holder

96

- Bimal Kumar Nag

97

Identified by

Dhirendra Nath Banerjee Son of Chinta Haran Banerjee of 48 Raja Rajendra Lal Mitra Road Calcutta Hindu Trade

- Purna Chandra Na[g]

98

- Tarun Kumar Nag.

Rupees thirty-six thousand seven hundred and seventy-four only is paid in my presence by Manmohan Sarkar to the vendors.

3/8/64

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar, Calcutta.

Dhirendra Nath Banerjee

750 Rs.

INDIA NON JUDICIAL

७५०रू.    Rs750

भारत

सात सौ पचास रूपया    SEVEN HUNDRED & FIFTY RUPEES

২

Nirmal Chandra Nag
Bimal Kumar Nag
Purna Chandra Nag
Jaleen Kumar Nag

কস্য . কালেকটারির চিরস্থায়ী বন্দোবস্তীয় নিস্কর । লাখেরাজ । বাস্তু জমি তদুপরিস্থিত ত্রিতল ইমারৎ বসত বাটি , পাক্কা প্রাচীর , পাকা পাইখানা, গৃহের সাজ সরঞ্জামাদি ও সর্ব প্রকার আওতাদি , মায় জলের কল ও তৎ সংক্রান্ত সমুদয় পাইপ ও ফিটিংস ও বিজলি বাতির বিবিধ প্রকার সাজ সজ্জা ফিটিংসাদি ও উক্ত সম্পত্তির যাবতীয় ইজমেন্ট স্বত্ব সম্বলিত দরবস্ত হক হকুক সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে – জেলা ২৪ পরগনা, চৌকি ও সাব রেজেষ্টারি অফিস শিয়ালদহ , থানা বেলেঘাটার অধীন কলিকাতা পৌর প্রতিষ্ঠানের ৩৬ নং ওয়ার্ডভুক্ত সরকারী খাস মহাল পঞ্চান্ন গ্রাম মধ্যে সাবেক ১২৯৮ নং হাল ২৮৩৩ নং তৌজি ভুক্ত ৩ ডিভিসান , ৯ সাবডিভিসান, মৌজা নিজ শুঁড়া গ্রামে ৭৬ নং হোলডিং ভুক্ত সেন বাগান নামে খ্যাত অঞ্চল হইতে জনৈক সতীশচন্দ্র চাকী তদানীন্তন বেলেঘাটার অধিবাসী ১৫।।/।।৵২০ পনের বিঘা. দশ কাঠা এগার

200 Rs.

INDIA NON JUDICIAL

२००रू. Rs200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES



অতিরিক্ত মুনসেফী ... 09 AUG 2000 ... শিয়ালদহ : ২৪ পরগণা (দক্ষিণ)

Nirmal Chandra Nag.
Bimal Kumar Nag.
Purna Chandra Nag
Tarun Kumar Nag.

এগার ছটাক কুড়ি স্কোয়ার ফুট জমির মধ্যে নিম্ন তপশীলে বর্ণিত কমবেশী ৴৪৷৷০ সাড়ে চারি কাঠা বাস্তু জমি বাবুলাল শীল দিগর হইতে উপযুক্ত পণে এককেতা রেজেষ্টারি যুক্ত সাফ কোবালা মূলে ইংরাজী ১৯১২ সালের ১৬ই আগষ্ট তারিখে খরিদ করেন এবং তাহার উক্ত খরিদা সম্পত্তিতে তিনি নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলি - কার থাকেন । অতঃপরে উক্ত সতীশ চন্দ্র ঢাকী মহাশয় ২৪ পরগনা কালেকটারীতে স্বীয় নাম পত্তন করায় ও উক্ত ৭৬ নং হোলডিং সাব ডিভাইডেড ও রিজিভ । নিস্কর । করাইয়া লন ও তৎকালে তাহারা উপরোক্ত খরিদা নিম্ন তপশীলের জমি সেইক্ষণে কালেকটারিতে ৭৬ জি নং হোলডিংরূপে খ্যাত হয় । তিনি উক্ত খরিদা বাস্তু জমির উপর নিজ ও স্বোপার্জিত অর্থে একমিতল ইমারৎ নির্মান করেন ও গৃহাদি পাকা প্রাচীর , পাকা পাইখানা, আওতাদি মায় জলের কল ও তৎ সংলগ্ন সমুদয়

09 AUG 2000

সমুদয় সার সরঞ্জামাদি ও সর্ব্ব প্রকার ইজমেন্ট সম্বলিত দরবস্তু হক হকুক বিগত ইংরাজি সনের ১৯২০ সালের ২৬ শে এপ্রিল তারিখে একখণ্ড রেজেষ্ট্রীকৃত দানপত্রের মাধ্যমে ত্যা ধর্মপত্নী জনৈকা প্রভাবতী চাকী মহাশয়াকে নির্ব্যূঢ় স্বত্বে ও অন্যের নিরাংশে দান করিয়া নিঃস্বত্ব হয়েন। তদবধি উক্ত প্রভাবতী চাকী মহাশয়া উপরোক্ত সম্পত্তিতে দান বিক্রয় প্রভৃতি সর্ব্ব প্রকার স্বত্বাধিকার মূলক ক্ষমতা প্রাপ্ত নিজ স্বত্বে ও অন্যের বিরুদ্ধ স্বত্বে ভোগ দখলিকারিনী থাকিয়া চব্বিশ পরগনার মহামান্য কালেক্টার সাহেব বাহাদুরের সেরেস্তায় স্বীয় নাম পত্তন করাইয়া ও স্থানীয় মিউনিসিপ্যালিটিতে ধার্য্য ট্যাক্সাদি যথারীতি প্রদানে পরম সুখে বসবাস করিতে থাকেন। পরে অর্থের বিশেষ প্রয়োজন ও উত্তমর্ণ বর্গের ঋণ পরিশোধার্থে তিনি অত্র তপশীলী সম্পত্তি অত্র কোবালা দাতৃবর্গের পরমা শ্রদ্ধেয়া মাতৃদেবী অধুনা মৃতা মৃণালিনী নাগ স্বামী মৃত বসন্তকুমার নাগ, মহাশয়াকে তাৎকালীন বাজারের সর্ব্বোচ্চ মূল্য গ্রহণে ইং ৩০।১।১৯২৯ তারিখে ১ কেতা রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে বিক্রয় করেন। উক্ত মৃণালিনী নাগ। দলিল দাতৃবর্গের মাতা। কলিকাতা কর্পোরেশনের স্বীয় নাম পত্তনে পরম সুখে অন্যের নিরাংশে উক্ত সম্পত্তি ভোগ দখলকারিনী থাকিয়া ও রহিয়া ইংরাজী ১৯৩০ সালের ৩০ শে জানুয়ারী তারিখে কোবালাদাতৃবর্গ ও তাহাদের অপর তিনজন অবিবাহিত ভ্রাতা ও দুইজন বিবাহিতা ভগ্নি দিগকে রাখিয়া পরলোক গমন করেন। তৎপর আমাদের উপরোক্ত ভ্রাতৃদ্বয় ও আমাদের উপরিকথিত একটি ভগ্নী পরলোক গমন কারণ ও আমাদের পিতারও মৃত্যু হওয়ায় তপশীলী সম্পত্তিতে আমাদের চারি ভ্রাতার নির্ব্যূঢ় স্বত্ব বর্ত্তায় ও তদবধি আমরা অন্যের নিরাংশে ও নির্ব্যূঢ়াংশে পরম সুখে ভোগ দখল করিতে

09 AUG 2000

Nirmal Chandra Nag
Bimal Kumar Nag
Paresh Chandra Nag
Tarun Kumar Nag

করিতে থাকি। আমরা চারি ভ্রাতা ছাড়া আইনতঃ ধর্মতঃ ও দেশের প্রচলিত নিয়মানুযায়ী অন্য কোন ওয়ারিশ, সরিক বা অংশীদার নাই। আমরা অত্র কোবালা দাতা চতুষ্টয় আংশিক আমাদের খাসে রাখিয়া ও বৃহদংশে ভাড়াটিয়া বসাইয়া তাহাদের নিকট হইতে ভাড়া আদায়ে উক্ত সম্পত্তি ভোগ দখল করিয়া আসিতেছি। এক্ষণে সাংসারিক প্রয়োজনে অর্থের বিশেষ আবশ্যক বোধে উক্ত গৃহ সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা প্রদান করিলে আপনারা কোবালা গ্রহীতৃদ্বয় উক্ত সম্পত্তির সর্বোচ্চ মূল্য ৪০০০০্ চল্লিশ হাজার টাকা ধার্য্য করিলে গত ইংরাজী ২১।৮।৬৩ তারিখে ৫০১্ পাঁচ শত এক টাকা অগ্রিম আমাদের প্রদান করিলে আমরা সেইক্ষণে একখণ্ড বায়না পত্র সম্পাদনের মাধ্যমে আপনাদিগকে উপরি উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য চুক্তিবদ্ধ হইয়া উক্ত বায়না পত্রের অন্দরে ও পোষকতায় উক্ত ৫০১্ পাঁচশত এক টাকার প্রাপ্তি স্বীকার করি, পরে বিগত ১০।১১।৬৩ তারিখে আরও ২২০০্ টাকা আপনাদের নিকট হইতে গ্রহণ করিয়া মবলগে ২৭০১্ দুই হাজার সাতশত এক টাকার প্রাপ্তি স্বীকার করিও উপরোক্ত বায়না পত্রের মেয়াদকাল আগামী ৩০ শে ফাল্গুন পর্য্যন্ত বর্দ্ধিত করিয়া দিই। এক্ষণে বায়না পত্রের পবিত্র সর্তানুযায়ী একতলার একখানা শয়ন ঘর অদ্য আপনাদের অনুকূলে খাস দখল প্রদান করিলাম। প্রকাশ থাকে যে, ভবিষ্যতে আপনাদের স্বত্বকে সুদৃঢ় করিবার মানসে সংশোধনীয় দলিল সৃষ্টির প্রয়োজন হইলে আমরা আপনাদের খরচায় করিয়া দিতে বাধ্য রহিব। কলিকাতা পৌর - প্রতিষ্ঠানের অনাদায়ী কর বাবদ ৫২৫ পাঁচশত পঁচিশ টাক বাকী পড়িয়াছে, উক্ত টাকা ও পূর্বে প্রাপ্ত ২৭০১্ টাকা দুই হাজার সাত শত এক টাকা এই একুনে ৩২২৬্ তিন হাজার দুই শত ছাব্বিশ টাকা মোট চল্লিশ হাজার পনের টাকা হইতে ওজরবাদ হইয়া বকী ৩৬,৭৭৪ ছত্রিশ হাজার সাত শত চুয়াত্তর টাকা আপনাদের - -

09 AUG 2000

Nirmal Chandra Nag
Bimal Kumar Nag
Paresh Chandra Nag
Tarun Kumar Nag

আপনাদের নিযুক্ত এডভোকেট বাবুর নিকট হইতে অদ্য অবিশেষ বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্ণিত গৃহ সম্পত্তি আপনাদের বিক্রয় করিয়া চিরতরে ওয়ারিশান স্থলাভিষিক্তগন ক্রমে নিঃস্বত্ব ও বে দখলিকৃত হইলাম ও এতসম্পর্কে আমরা যৌথ ভাবে প্রকাশ, প্রচার, অঙ্গিকার ও শপথ করিতেছি যে, তপশীল সম্পত্তি আমরা একত্র কি পৃথক ভাবে বা কোন ভাবে দায়াবদ্ধ করি নাই, বা উহাতে কোন প্রকার চার্জ সংযোগ নাই উহা কোন স্থানীয় আদালতের বা কোন আদালতের ক্রোকীবদ্ধ সম্পত্তি নহে। কোন আদালত কর্ত্তৃক উহাতে কোন নিষেধাজ্ঞা প্রচারিত হয় নাই বা কোন ব্যক্তি বিশেষের মাসোয়ারার চার্জ নাই, বা কোন সরকারী বা বে সরকারী বা কোন জন কল্যান মূলক প্রতিষ্ঠান কর্ত্তৃক উহা গৃহীত স্কীমের অন্তর্ভুক্ত নহে। কলিকাতা পৌর সভা কর্ত্তৃক ধার্য্য ট্যাক্স রীতিমত প্রদানে আমরা উক্ত সম্পত্তি ভোগ দখল করিয়া আসিতেছি। উক্ত সম্পত্তিতে আমাদের সর্ব্ব প্রকার হস্তান্তর মূলক উত্তম বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

প্রকাশ থাকে, অত্র বিক্রীত বাটীর ঘর ভাড়া বাবদ কলিকাতা রেন্ট কন্ট্রোলারের অফিসে যে যেভাড়া জমা আছে বা ভবিষ্যতে জমা পড়িবে তাহা আপনারা উঠাইয়া লইতে পারিবেন। তাহাতে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না বা ঐ প্রকার করিলেও তাহা সর্বথা ও সর্বোচ্চাদালতে নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। আপনারা নিজ প্রয়োজনে ও স্থায়ী ভাবে অত্র সম্পত্তিতে বসবাস করিবেন —এমত ইচ্ছা পোষণ করিতেছেন সুতরাং আপনাদের নিজ প্রয়োজনে আপনারা সকল ভাড়াটিয়া বা দখলকারিকে উচ্ছেদ সাধন করিতে পারিবেন। দুর্ভাগ্যবশতঃ উক্ত সম্পত্তির মূল বা টাইটেল দলিলটি

09 AUG 2000

31 AUG 1967

Nirmal Chandra Nag
Bimal Kumar Nag
Purna Chandra Nag
Tarun Kumar Nag

আমাদের নিকট নাই। উহা কাহারও নিকট রাখিয়া আমরা যৌথভাবে কি একক
বা পৃথক ভাবে কেহ কাহারও নিকট গচ্ছিত রাখিয়া উক্ত দলিলের বুনিয়াদে কোন
অর্থ সংগ্রহ করি নাই। বহুল প্রচারিত স্বদেশী ভাষায় প্রকাশিত খ্যাতনামা আনন্দ
বাজার পত্রিকাতে আমাদের উক্ত সম্পত্তির মূল দলিল হারানো ব্যাপার যথারীতি
বিজ্ঞাপিত করা হইয়াছে। উক্ত সম্পত্তি আমাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত নিব্যূঢ়
স্বত্ব দখলি বিশিষ্ট গৃহ সম্পত্তি বটে, আমাদের এবং প্রকার ঘোষণার কোন
অংশ ভবিষ্যতে অসত্য প্রমাণিত হইলে, আমরা পণের সর্ব্ব মোট টাকা সমূহ
উপযুক্ত খেসারৎ সহ আপনাদিগকে প্রত্যর্পন করিতে আইনতঃ বাধ্য থাকিব।
যদ্যপি উক্ত সম্পত্তি ভোগ দখলে আপনারা অপর কেহ কর্তৃক বাধা প্রাপ্ত হয়েন
তখন প্রয়োজন বোধে কোন সংশোধনীয় দলিল সৃষ্টির প্রয়োজন হইলে সেইক্ষণে
আপনাদের খরচে আমরা সংগে সংগে আপনাদের বা আপনাদিগের স্থলাভিষিক্ত
গনের অনুকূলে উক্ত সংশোধনীয় দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে
বাধ্য রহিব। সুস্পষ্ট প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তিতে আপনাদের স্বত্ব
কোন মতে আমাদের অপ্রকাশিত মন্তব্যের জন্য ক্ষুন্ন না হয় সেইহেতু আপনাদের
অনুকূলে অদ্যকার তারিখে আমরা সম্মিলিত ভাবে ও যৌথ দায়িত্বে একত্রে
রেজিষ্ট্রীকৃত ক্ষতি নিষ্কৃতি পত্র বা ইনডেমনিটি বণ্ড সম্পাদন করিয়া প্রকাশ ও
প্রচার করিলাম যে উক্ত বণ্ডের আমাদের স্বত্ব দখলিয় অপরাপর সম্পত্তি
আপনাদের ক্ষতি পূরণের জন্য দায়াবদ্ধ থাকিবে। আমাদের অত্র বিক্রীত
সম্পত্তিতে অপর কোন সরিক বা অংশীদার নাই, উহা আমাদের সর্বতোভাবে

Nirmal Chandra Nag.
Bimal Kumar Nag.
Paresh Chandra Nag.
Tarun Kumar Nag.

0 9 AUG 2000
31 AUG 1967

সর্ব্বতোভাবে নিব্যূঢ় স্বত্ব দখলিয় সম্পত্তি বটে আপনারা প্রয়োজন বোধে ভাড়াটিয়া গনকেও যাহারা বর্ত্তমানে ট্রেসপাসার হিসাবে উক্ত বাটীতে সম্পূর্ন বে আইনি ভাবে বসবাস করিতেছে তাহাদের উচ্ছেদ করতঃ সম্পূর্ন গৃহটি আপনাদের খাস দখলে আনয়ন করিয়া পরম সুখে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে চিরতরে পরম সুখে ভোগ দখল করিতে হকদার হইবেন। উক্ত ভাড়াটিয়াগনের নিকটে ভাড়া হিসাবে অনাদায়ী বকেয়া ভাড়া আদায়ের অধিকারী হইতে পারিবেন, প্রয়োজন বোধে তাহাদের উচ্ছেদ সাধনে শিয়ালদহ দেওয়ানি আদালতে, আলিপুর জজ আদালতে বা মহামান্য হাইকোর্টে উক্ত ভাড়াটিয়াগন ও আমাদের মধ্যে যে সব মোকদ্দমা দায়ের আছে বা নিস্পত্তি হইয়াছে সেই সেই মোকদ্দমায় বা জারির মোকদ্দমায় বা উভয় বিধ মোকদ্দমা উদভূত ব্যবস্থায় বা অবস্থায় আমাদের নাম স্থলে আপনরা আপনাদের স্ব স্ব নাম কায়েম মোকাম পূর্ব্বক উক্ত মোকদ্দমা বা মোকদ্দমা গুলি যথারীতি চালাইয়া যাইতে পারিবেন।

এতদর্থে, সম্পূর্ন সুস্থ শরীরে, সরল মনে, সানন্দে ও অন্যের বিনা প্ররোচনায় ও স্ব স্ব খুশীমতে অত্র কোবালার মর্মার্থ সম্যক হৃদয়ঙ্গম করতঃ পণের চল্লিশ হাজার টাকাই নগদ গ্রহনে ও উহার প্রাপ্তি স্বীকারে এবং বুঝিয়া পাইয়া অত্র কোবালায় সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা সন ১৩৭০ সালের ১৯শে ফালগুন, ইংরাজী ১৯৬৪ সালের ৩রা মার্চ।

তপশীল সম্পত্তির বিশদ পরিচয় ও চৌহদ্দি।

09 AUG 2008

31 AUG 1967

Nirmal Chandra Nag Bimal Kumar Nag ... Tarun Kumar Nag

তপশীল সম্পত্তির বিশদ পরিচয় ও চৌহদ্দি ।

জেলা ২৪ পরগনা থানা বেলেঘাটা সাবরেজেষ্টারি শিয়ালদহেরসামিল ডিহি ৫৫গ্রাম সংলগ্ন ৩ ডিভিসান ডিহি শুঁড়া ৯ সাবডিভিসান মৌজা মিত্র পাড়া গ্রাম মধ্যে বর্তমান ৭৬ বি নং হোলডিং ভুক্ত এবং সাবেক ১১৫।এ।বি নং ও হাল ১৪১ নং রাজা রাজেন্দ্র লাল মিত্র রোড প্রেমিসেস ভুক্ত কমবেশী /৪।।০ সাড়ে চারি কাঠা নিষ্কর বাস্তু জমি মায় তদুপরিস্থিত যাবতীয় পাকা দ্বিতল ইমারত গৃহাদি পাকা প্রাচীর, পাকা পাইখানা সানপাট আঙ্গিনা আদি মায় জলের কল ও তৎ সংলগ্ন সমুদয় পাইপ ও ফিটিংস ও ইলেকট্রীক ফিটিংস ও উক্ত সম্পত্তির আলো বাতাস জল নিকাশী ব্যবস্থা প্রভৃতি সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ব সম্বলিত দরবস্তু হক হকুক উক্ত সম্পত্তির চৌহদ্দি - যাহার - . -

উত্তরে - - - মতিলাল চট্টোপাধ্যায় দিগের বাটী ও জমি ,

পশ্চিমে - - - রাজা রাজেন্দ্র লাল মিত্র রোড নামীয় করপোরেশনের রাস্তা

পূর্ব্বে - - - মতিলাল চট্টোপাধ্যায়ের বাটী ও

দক্ষিণে - - - ১'- ৬'' প্রশস্ত প্যাসেজ ও কেদার নাথ চ্যাটার্জ্জির বাটী

টাকার জায় ।

| | |
|---|---|
| বায়না বাবদ প্রাপ্ত - - - | ২৭০১ |
| ও করপোরেশনে অনাদায়ী ট্যাক্স বাবদ গৃহিতা কর্ত্তৃক প্রদত্ত - - - - | ৫২৫ |
| অদ্য নগদ আর, বি, নোটে ও রোকে লওয়া - - | ৩৬৭৭৪ |

একুনে ৪০০০০ টাকা

মোট চল্লিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

ইসাদী—

১। Phanindra Nath Banerjee 48 Raja Rajendra Lall Mitter Road Cal 10. ইসাদী

২। শ্রীমতিলাল ... ১৪৭ ...

৩। ... Advocate, Calcutta

৪। Ramdayal Shaw 154 Bipin Behari Ganguly St Calcutta

Nirmal Chandra Nag

Bimal Kumar Nag

Purna Chandra Nag

Tarun Kumar Nag

টাইপকারক

শ্রী ...

শিয়ালদহ সিভিল কোর্ট

কলিকাতা ।

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar, Calcutta.

Book No. I
Volume No. 29
Pages 249 to 256
Being No. 1153
For the year 1964

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar, Calcutta

6-3-64

Sub-Registrar authorised under Section 7 of the Indian Registration Act to perform the functions of the Registrar Calcutta.